TCNY/2020
প্রতিটি অঞ্চল, প্রতিটি নিউইয়র্কবাসী
সকলের স্বাস্থ্যের
কথা ভাবা হবে
TAKECARE
NEW YORK

ভূমকিা

নিউইয়র্ক শহর হল অঞ্চলভিত্তিক শহর; প্রত্যেকের বৈচিত্র্য, ইতিহাস এবং মানুষ যা এই শহরকে অন্যদের থেকে আলাদা করে তুলেছে।

আমাদের অঞ্চলও জাতি এবং সম্পদের ভিত্তিতে আলাদা হয়েছে। অঞ্চলের মধ্যে সম্পদের ভিন্নতার কারণে স্বাস্থ্য সমস্যা দেখা দিয়েছে, কিছু নিউইয়র্কবাসী অন্যদের থেকে সুস্থভাবে অনেক বেশী দিন বাঁচেন। **Take Care New York 2020 (TCNY 2020)** হল সকল বাসিন্দাকে সুস্থ জীবন প্রদান করার জন্য নিউইয়র্ক শহরের স্বাস্থ্য বিভাগের পরিকল্পনা। এর লক্ষ্য দুটি — সকলের শারীরিক উন্নতি করা এবং আমাদের শহর যাতে সবার জন্য আরও গ্রহণযোগ্য স্থান হয়ে ওঠে তাই অসুস্থ স্বাস্থ্য সমস্যা যুক্ত গোষ্ঠীগুলোকে বৃহত্তর অগ্রগতির দিকে নিয়ে যাওয়া।

আমরা আপনার মতো নিউইয়র্কবাসীর সঙ্গে কথা বলার জন্য এই নথি তৈরি করেছি। স্বাস্থ্য বিভাগের নতুন কমিউনিটি স্বাস্থ্য উদ্যোগ সহ, **TCNY 2020** হল কমিউনিটিদের সঙ্গে কাজ করা এবং অঞ্চলগুলোকে সুস্থ রাখা। আগের TCNY পরিকল্পনা থেকে ভিন্নভাবে এবার, **TCNY 2020** শুধু যে স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে নজর দিচ্ছে তা নয় সামাজিক বিষয়েও নজর দিচ্ছে, যেমন কমিউনিটিতে কতজন লোক হাই স্কুল থেকে স্নাতক হয়েছে বা জেলে গেছে।

TCNY/2020

ভূমিকা

এই সামাজিক বিষয় সহ স্বাস্থ্য উন্নতির জন্য অংশীদারিত্ব এবং সহযোগীতার প্রয়োজনীয়তার উপর আলোকপাত করেছে।

এই কথোপকথন চালানোর জন্য, আমরা 2015 এর শীতের সময় অনেকগুলো কমিউনিটি মিটিং করবো এবং 2016 সালে আমরা একসঙ্গে নিউইয়র্ক শহরকে সকলের জন্য সুস্থ রাখতে কি কি পদক্ষেপ নিয়েছি তা সহ দ্বিতীয় নথি প্রকাশ করবো।

আমরা কি ভাবে TCNY তৈরি করেছি?

আমরা নিউইয়র্ক শহরের রোগ এবং মৃত্যু সম্পর্কিত তথ্য পর্যালোচনা করেছি, এমন কিছু প্রবণতা খুঁজছি যেগুলো অযথা কোনো অঞ্চল এবং/অথবা গোষ্ঠীর ক্ষতি করছে।

যখন বিস্তারিত তথ্য উপলব্ধ ছিল তখন আমরা বয়স জাতি/জাতিগত, লিঙ্গ, শিক্ষা, অঞ্চলের দারিদ্র সীমা, অভিবাসন স্থিতি, বোরো এবং লিঙ্গ অভিমুখ অনুসারে স্বাস্থ্য সমস্যার পার্থক্য দেখেছি। এছাড়াও আমরা দৈনন্দিন জীবনের কিছু গুরুত্বপূর্ণ দিক দেখেছি যা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর, যেমন আবাসন, চাকরি ও শিক্ষা। আমরা এই সমস্ত সূচক চারটি প্রশস্ত বিভাগে ভাগ করেছি যা আমাদের কাজের প্রধান লক্ষ্য। সেগুলো হল: **স্বাস্থ্যকর শৈশব সম্পর্কে প্রচার** , **স্বাস্থ্যসম্মত অঞ্চল সৃষ্টি করা** , **স্বাস্থ্যকর থাকতে সহায়তা** এবং **মানসম্মত পরিচর্যা গ্রহণের সুযোগ বৃদ্ধি**।

বেশীরভাগ ক্ষেত্রে আমরা দুটি লক্ষ্য স্থির করি: শহর জুড়ে এবং নিরপেক্ষতা অনুসারে। নিরপেক্ষ লক্ষ্যের ক্ষেত্রে আমরা ভালো স্বাস্থ্য ও খারাপ স্বাস্থ্য সংশ্লিষ্ট গোষ্ঠীর মধ্যেকার ব্যবধান দূর করার উপর বেশী জোর দিই। যখন এই ব্যবধান মিটে যায়, তাও আমরা তখনও কমিউনিটি স্বাস্থ্যে গুরুত্বের কারণে এইসব সূচকের উপর জোর দিই।


UNION SQUARE PARK

আমাদের প্রশস্ত মনোনিবেশের জায়গা

প্রতিটি অঞ্চল যেন সুস্থ অঞ্চল থাকে

আমাদের শহরের ক্ষমতা বাসিন্দাদের দীর্ঘ ও সুস্থ জীবনের উপর নির্ভর করে। আমাদের শহরের সামগ্রিক স্বাস্থ্য বর্ণনা করতে আমরা তিনটি সূচক চয়ন করেছি। সেগুলো হল *নিজে স্বাস্থ্যের যত্ন নেওয়া* (লোকজনের নিজের ভালো ভাবার ক্ষমতা), *অকাল মৃত্যু* (65 বছরের আগে মৃত্যু) এবং *সদ্যজাতর অকাল মৃত্যু* (1 বছর বয়সের আগে মৃত্যু)। এই তিনটিই সেই পরিবেশের সঙ্গে যুক্ত যেখানে মানুষ বাঁচে, বড় হয়, খেলা করে, ভালোবাসে এবং শেখে। কিছু নিউইয়র্কবাসী দারিদ্য, গুরুত্বপূর্ণ স্বাস্থ্য পরিষেবা এবং বর্ণ বৈষম্যের সঙ্গে মোকাবেলা করছেন — এবং ফলাফলস্বরূপ, তাদের স্বাস্থ্য সমস্যা অন্যদের থেকে আরো খারাপ।

উদাহরণস্বরূপ, কালো চামড়া নয় এমন নিউইয়র্কবাসীদের মতো একই কারণে কালো চামড়ার নিউইয়র্কবাসীদেরও মৃত্যু হচ্ছে, কিন্তু সাধারণ জনসংখ্যার তুলনায় 45% কালো চামড়ার নিউইয়র্কবাসী গড়ে 65 বছর বয়সের আগেই মারা যাচ্ছেন। কালো চামড়ার শিশুদের ক্ষেত্রে 1 বছর বয়সের কম বয়সে মৃত্যুর হার সাদা চামড়ার শিশুদের থেকে তিন গুণ বেশী। লাতিনো/হিস্প্যানিক বাসিন্দাদের মধ্যে খুব কম "অসাধারণ, খুব ভালো বা ভালো" স্বাস্থ্য দেখা যায়। এইসব বৈষম্য ন্যায়সঙ্গত নয় এবং এড়ানো সম্ভব।

TCNY/2020

আমাদের প্রশস্ত মনোনিবেশের জায়গা

TCNY 2020 আমাদেরকে সমস্ত নিউইয়র্কবাসীর স্বাস্থ্য সমস্যার ব্যবধান কমাতে এবং নিউইয়র্কের উন্নতির জন্য ডাক দিচ্ছে।

সূচকসমূহ ছাপিয়ে যাওয়া

		শহর জুড়ে		নিরপেক্ষতা		
সূচক	বর্ণনা	*বেসলাইন	2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন	জনসংখ্যা অগ্রাধিকার	বেসলাইন	2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন
নিজের স্বাস্থ্য অবস্থার যত্ন নেওয়া	*শতাংশ প্রাপ্তবয়স্করা জানিয়েছেন যে তাদের স্বাস্থ্য "অসাধারণ," "খুব ভালো" বা "ভালো"*	77%	82% (5% বেড়েছে)	হিস্প্যানিক	68%	73% (8% বেড়েছে)
অকাল মৃত্যু	*65 বছর বয়সের আগে মৃত্যুর হার*	191.1 প্রতি 100,000 জনে	169.9 প্রতি 100,000 জনে (11% কমেছে)	ব্ল্যাক	276.1 প্রতি 100,000 জনে	234.7 প্রতি 100,000 জনে (15% কমেছে)
শিশু অকাল মৃত্যু	*1 বছর বয়সের আগে মৃত্যুর হার*	4.6 প্রতি 1,000 জনে	4.4 প্রতি 1,000 জনে (4% কমেছে)	ব্ল্যাক	8.3 প্রতি 1,000 জনে	7.7 প্রতি 1,000 জনে (8% কমেছে)

**বেসলাইন ডেটা 5 বছরের পুরানো বা কম সূচক অনুসারে তারতম্য হতে পারে। নির্দিষ্ট তথ্য প্রযুক্তিগত টীকায় রয়েছে।*

স্বাস্থ্যকর শৈশব সম্পর্কে প্রচার

শৈশবের অভিজ্ঞতা হল সারা জীবনের ভিত্তি। শৈশব থেকে কৈশোর পর্যন্ত, শহর আমাদের যুব নিউইয়র্কবাসীদের স্বাস্থ্যের উন্নতিরউন্নতির সহায়তার জন্য পদক্ষেপ নিতে পারে। "শিশু-বান্ধব" (মাতৃদুগ্ধ পানের ক্ষেত্রে সহায়তা করে বলে স্বীকৃত) এমন হাসপাতাল ও প্রসূতি কেন্দ্রের সংখ্যা বাড়ানোর মাধ্যমে আমরা স্বল্প-উপার্জনকারী পরিবারবর্গের শিশু যাদের মাতৃদুগ্ধ পান করা গুরুত্বপূর্ণ তাদের সংখ্যা বাড়াব। আরো স্বল্প-উপার্জনকারী পরিবারের শিশুদের জন্য স্বাস্থ্যসম্মত শিশু পরিচর্যা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। স্বাস্থ্যসম্মত শিশু পরিচর্যা শিশু বিকাশকে সমৃদ্ধ করে এবং সারা জীবনেরজন্য স্বাস্থ্যকর পথ নির্ধারণে সাহায্য করে। হাই স্কুল থেকে স্নাতক হওয়া প্রতিটি শিশুর কাছে একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য; এর ফলে ভালো চাকরি পাওয়া যায় এবং স্বাস্থ্য ভালো থাকে। এর পাশাপাশি সমানভাবে গুরুত্বপূর্ণ হল, কৈশোরেগর্ভাবস্থা , যার হার বর্তমানে নিউইয়র্কে অনেক বেশী — স্বল্প-উপার্জনকারী পরিবারের মেয়েদের ক্ষেত্রে শহরের হারের থেকে 45% বেশী। স্বল্প-উপার্জনকারী পরিবারের মেয়েদের ক্ষেত্রেও উচ্চ-উপার্জনকারী পরিবারের মেয়েদের ক্ষেত্রে উপলব্ধ প্রজনন স্বাস্থ্য শিক্ষা ও সংস্থানের প্রবেশিকার প্রয়োজন।

TAKECARE NEW YORK

সূচক

স্বাস্থ্যকর শৈশব সম্পর্কে প্রচার

সূচক	বর্ণনা	শহর জুড়ে		নিরপেক্ষতা		
		বেসলাইন	2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন	জনসংখ্যা অগ্রাধিকার	বেসলাইন	2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন
"শিশু-বান্ধব" কেন্দ্রে শিশুর জন্ম	*মনোনীত "শিশু-বান্ধব" কেন্দ্রের প্রসূতি বিভাগে শিশু জন্মের শতকরা হার*	**7%**	**35%** (400% বড়েছে)	"শিশু-বান্ধব" হল একটি বিশেষ খেতাব যা সেইসব কেন্দ্রগুলিকে দেওয়া হয় যারা মাতৃদুগ্ধ পান এবং মা ও সদ্যজাতের মধ্যেকার বন্ধনকে সমর্থন করে।		
শিশু পরিচর্যা	*শহর-নিয়ন্ত্রিত, কেন্দ্রভিত্তিক শিশু পরিচর্যা কেন্দ্রে উপলব্ধ মোট শিশু পরিচর্যা স্লটের শতকরা হার*	**59%**	**63%** (7% বড়েছে)	খুব বেশী দরিদ্র এলাকা	**49%**	**60%** (22% বেড়েছে)
কৈশোরে গর্ভবতী	*15 থেকে 19- বছর মেয়েদের মধ্যে গর্ভবতী হওয়ার শতকরা হার*	**53.3** প্রতি 1,000 জনে	**40** প্রতি 1,000 জনে (25% কমছে)	খুব বেশী দরিদ্র এলাকা	**76.9** প্রতি 1,000 জনে	**54** প্রতি 1,000 জনে (30% কমছে)
হাই স্কুল থেকে স্নাতক	*হাই স্কুলের শিক্ষার্থীরা সময়ে স্নাতক হয়েছে তার শতকরা হার*	**68%**	বেড়েছে	শিক্ষা দপ্তরের লক্ষ্য হল 2026 সালের মধ্যে স্নাতকের হার 80% করা।		

স্বাস্থ্যসম্মত অঞ্চল সৃষ্টি করা

কোনো এলাকার পরিবেশ — তার বিল্ডিং ও লোকেদের উপর নির্ভর করে — সেখানকার বাসিন্দারা চরম স্বাস্থ্য সমস্যায় ভোগেন। উদাহরণস্বরূপ, আমাদের শহরে এক এলাকার আবহাওয়া অন্য এলাকার থেকে হয় ভালো বা খারাপ হবে এবং তা বাসিন্দাদের হার্ট এবং ফুসফুসের গুরুতর ক্ষতি করতে পারে। বাসস্থানও স্বাস্থ্যের পক্ষে বিপজ্জনক হতে পারে, যেমন হাঁপানি এবং পড়ে যাওয়া। যেহেতু 65 বছরের বেশী অনেক মানুষ নিউইয়র্ক শহরে জীবিত রয়েছেন তাই পড়ে যাওয়ার বিপদ আরো গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। সহিংস্রতা হল এলাকার অন্য ধরনের বিপত্তি; এর ফলে লোকেরা আঘাত পায় এবং তারা জ্ঞান হারান। বেশী দরিদ্র এলাকায় সাধারণত এই সহিংস্রতা দেখা যায়; এছাড়াও সেখানে "নিখোঁজের," সংখ্যা বেশী থেকে এবং জেলে যাওয়ার পরিমাণও বেশী থাকে। এইসব মানুষের অনুপস্থিতি তাদের পরিবার এবং এলাকার কল্যাণের উপর প্রভাব ফেলে।

কোনো এলাকার "সামাজিক সুসঙ্গতি" হল সেই এলাকার বাসিন্দাদের মধ্যে মূল্যবোধ এবং আস্থা। এই সূচকের ডেটা সীমিত, কিন্তু অল্প পরিমাণ ডেটা দেখিয়েছে যে কমিউনিটির সুস্বাস্থ্যের জন্য বাসিন্দাদের একে অপরের সঙ্গে সংযুক্ত থাকা গুরুত্বপূর্ণ। 2016 সালে, আমরা সামাজিক সুসঙ্গতির স্তর সম্পর্কে জানাব।

সূচক

স্বাস্থ্যসম্মত অঞ্চল সৃষ্টি করা

সূচক	বর্ণনা	শহর জুড়ে: বেসলাইন	শহর জুড়ে: 2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন	নিরপেক্ষতা: জনসংখ্যা অগ্রাধিকার	নিরপেক্ষতা: বেসলাইন	নিরপেক্ষতা: 2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন
হেনস্থার কারণে হাসপাতালে ভর্তি	*15 থেকে 24 বছরের যুবদের মধ্যে হেনস্থা ও মারাত্মক নয় এমন কারণে হাসপাতালে ভর্তির হার*	**117** প্রতি 100,000 জনে	**70** প্রতি 100,000 জনে (40% কমেছে)	খুব দরিদ্র এলাকা	**183** প্রতি 100,000 জনে	**91** প্রতি 100,000 জনে (50% কমেছে)
পড়ে যাওয়ার কারণে হাসপাতালে ভর্তি	*65 বছর বা তার বেশী বয়সী প্রাপ্তবয়স্কদের মধ্যে মারাত্মক নয় কিন্তু পড়ে যাওয়ার ফলে হাসপাতালে ভর্তির হার*	**1,571** প্রতি 100,000 জনে	**1,410** প্রতি 100,000 জনে (10% কমেছে)	স্ট্যাটেন আইল্যান্ড	**2,228** প্রতি 100,000 জনে	**1,969** প্রতি 100,000 জনে (12% কমেছে)
আবহাওয়ার গুণমান	*খুব ভালো আবহাওয়া সম্পন্ন এলাকাগুলোর মধ্যে দূষিত আবহাওয়া সম্পন্ন এলাকাগুলোর মধ্যে বাইরের বায়ু দূষণের (ভালো উপাদান) স্তরের মধ্যে পার্থক্য*	**6.65 µg/m³**	**6.1 µg/m³** (8% কমেছে)	OneNYC এর লক্ষ্য হল 2030 সালের মধ্যে প্রধান শহরগুলোর মধ্যে শ্রেষ্ঠ বায়ু সম্পন্ন এলাকা হিসেবে স্থান করা।		
সমস্যা রক্ষণাবেক্ষণ করা নেই এমন সব বাসস্থান	*সমস্যা রক্ষণাবেক্ষণ করা হয় না এমন ভাড়ার আবাসন সম্পর্কে রিপোর্টের শতকরা হার*	**44%**	**47%** (7% বেড়েছে)	খুব দরিদ্র এলাকা	**32%**	**36%** (13% বেড়েছে)
হাঁপানির জরুরি বিভাগে শিশুদের পরিদর্শন	*5 থেকে 17 বছরের মধ্যে হাঁপানির জরুরি বিভাগে শিশুদের পরিদর্শনের হার*	**232** প্রতি 10,000 জনে	**210** প্রতি 10,000 জনে (9% কমেছে)	বেশী দরিদ্র এলাকা	**370** প্রতি 10,000 জনে	**318** প্রতি 10,000 জনে (14% কমেছে)
জেলে যাওয়া	*প্রতিদিন গড়ে কত লোক শহরের জেলে যায়*	**10,240**	কমেছে	একটি OneNYC লক্ষ্য হল দৈনিক জেল যাওয়ার গড় সংখ্যা কমানো		
সামাজকি সুসঙ্গতি	*পরতবিশেীদরে মধ্যে মূল্যবোধ ও আস্থা ভাগ*	*আসন্ন মেট্রিক্স*		*আসন্ন মেট্রিক্স*		

স্বাস্থ্যকর থাকতে সহায়তা

স্বাস্থ্যকর জীবন দীর্ঘায়ু জীবনের প্রচার করতে পারে। তবুও, শহর জুড়ে ধূমপান ও মেদবহুলতার পরিমাণ কমলেও কিছু গোষ্ঠীর অবস্থা অন্যদের থেকে খুবই খারাপ। বর্ণ, বেশী দরিদ্র এবং কম শিক্ষিত কমিউনিটিতে মেদবহুলতার হার বেশী; বেশী দরিদ্র এবং কম শিক্ষিত এলাকায় ধূমপানের হার বেশী। এইসব প্রবণতার ফলে ক্ষতিগ্রস্ত গোষ্ঠীসমূহ তাদের এলাকায় অস্বাস্থ্যকর পণ্যের বিজ্ঞাপন দেখার সম্ভাবনা থাকে এবং তাদেরকে সুস্থ থাকতে সহায়তা করবে এমন সব সংস্থান কম ব্যবহার করে। ফলস্বরূপ, লোকজনকে ধূমপান কমানো, স্বাস্থ্যকর খাবার খাওয়া এবং ব্যায়াম করতে সহায়তা করার জন্য আমাদের আরো ভালো কৌশলের প্রয়োজন। এবং যেহেতু বেশী দরিদ্র এলাকায় লোকজনের হিরোইনের ওভারডোজের কারণে মৃত্যু ঘটে এবং শহর জুড়ে মদ্যপানের হার বেশী তাই, আমাদেরকে এইসব স্বাস্থ্য সমস্যার বিরুদ্ধে লড়াই করার জন্য নন-হেলথ কেয়ার খাতে সহযোগীদের সাথে মিলেমিশে কাজ করতে হবে।

সূচক

স্বাস্থ্যকর থাকতে সহায়তা

		শহর জুড়ে		নিরপেক্ষতা		
সূচক	বর্ণনা	বেসলাইন	2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন	জনসংখ্যা অগ্রাধিকার	বেসলাইন	2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন
মেদবহুলতা	*মেদ রয়েছে এমন লোকেদের শতকরা হার*	**25%**	**23%** (7% কমছে)	খুব দরিদ্র এলাকা	**31%**	**25%** (20% কমছে)
সুগারি ড্রিঙ্কস	*যে সমস্ত প্রাপ্তবয়স্করা প্রতিদিন এক বা তার বেশী সুগারি ড্রিঙ্কস নেন তাদের শতকরা হার*	**23%**	**19%** (16% কমছে)	ব্ল্যাক এবং হিস্প্যানিক	**29%**	**23%** (20% কমছে)
ব্যায়াম	*পাবলিক হাই স্কুলের শিক্ষার্থী যারা ব্যায়াম করে তাদের শতকরা হার*	**19%**	**22%** (15% বেড়েছে)	এশিয়ান-প্যাসিফিক আইল্যান্ডার	**14%**	**18%** (30% বড়েছে)
সোডিয়াম গ্রহণ	*প্রাপ্তবয়স্কদের মধ্যে প্রতিদিন গড় সোডিয়াম নেওয়ার ক্ষমতা*	**3,239 মগ্রিা/দনি**	**3,019 মিগ্রা/দিন** (7% কমছে)	ব্ল্যাক	**3,477 মিগ্রা/দিন**	**3,129 মিগ্রা/দিন** (10% কমছে)
ধূমপান	*প্রাপ্তবয়স্ক ধূমপায়ীদের শতকরা হার*	**14%**	**12%** (10% কমছে)	হাই স্কুল স্নাতক	**18%**	**14%** (20% কমছে)
মাত্রাতিরিক্ত মদ্যপান	*মাত্রাতিরিক্ত মদ্যপান করেন এমন প্রাপ্তবয়স্কদের শতকরা হার*	**18%**	**17%** (5% কমছে)	18 থেকে 24 বছর বয়সী	**25%**	**23%** (10% কমছে)
ওভারডোজের কারণে মৃত্যু	*কোনো মাদকের ওভারডোজের কারণে [1]অনিচ্ছাকৃত বা দুর্ঘটনাজনিত মৃত্যুর হার*	**11.6** প্রতি 100,000 জনে	**11.0** প্রতি 100,000 জনে (5% কমছে)	খুব দরিদ্র এলাকা	**15.9** প্রতি 100,000 জনে	**14.3** প্রতি 100,000 জনে (10% কমছে)

মানসম্মত পরিচর্যা গ্রহণের সুযোগ বৃদ্ধি

সহজেই স্বাস্থ্যসম্মত পরিচর্যা বাড়ানো, সাংস্কৃতিকভাবে উপযুক্ত পরিচর্যা স্বাস্থ্যের উন্নতির জন্য প্রয়োজনীয়। সাম্প্রতিককালীন সংস্কার আরো বেশী লোকের কাছে এই সেবা পৌঁছে দিয়েছে, কিন্তু অনেক বেশী নিউইয়র্কবাসী এখনও তাদের প্রয়োজনীয় পরিচর্যা পাচ্ছেন না। দেখা গেছে যে বেশী দরিদ্র এলাকার লোকেরা প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য পরিচর্যা নেওয়ার ক্ষেত্রে বিলম্ব করেন। ল্যাভিনো/ হিস্প্যানিকরা সাধারণ জনগণের থেকে কম চিকিৎসার সেবা নেয়। ভালো পরিচর্যা মানে হল অসুস্থতা বা মৃত্যুকে যাতে ডেকে আনতে না পারে তার জন্য স্বাস্থ্য অবস্থা পরিচালনায় সহায়তা। রক্তচাপ নিয়ন্ত্রণে থাকলে হার্টের রোগের ঝুঁকি কমে যায়, কিন্তু কালো চামড়ার রোগীদের মধ্যে অন্যান্য গোষ্ঠীদের থেকে রক্তচাপ নিয়ন্ত্রণের হার কম। চিকিৎসা করালে এইচআইভিতে আক্রান্ত লোকেদের বেশী দিন বাঁচতে সাহায্য করে, সুস্থ জীবন প্রদান করে এবং অন্যদের মধ্যে সেই রোগ ছড়ানোর সম্ভাবনা কমে যায়। ব্ল্যাকজন যারা এইচআইভি পরিচর্যার কার্যকরি চিকিৎসার সুবিধা পাচ্ছেন এমন লোকজনের সঙ্গে যৌন সঙ্গম করেন এবং তাতে এইচআইভি এর নতুন কেসের সংখ্যা বাড়ে।

সূচক

মানসম্মত পরিচর্যা গ্রহণের সুযোগ বৃদ্ধি

		শহর জুড়ে		নিরপেক্ষতা		
সূচক	বর্ণনা	বেসলাইন	2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন	জনসংখ্যা অগ্রাধিকার	বেসলাইন	2020 এর লক্ষ্য ও বেসলাইন থেকে শতকরা হারের পরিবর্তন
প্রয়োজনীয় মানসিক চিকিৎসা না পাওয়া	*যে সমস্ত প্রাপ্তবয়স্কদের গুরুতর মানসিক সমস্যা আছে এমন তারা প্রয়োজনীয় মানসিক চিকিৎসা পান না তাদের শতকরা হার*	22%	20% (9% কমছে)	খুব বেশী বা বেশী দরিদ্র	30%	22% (26% কমছে)
প্রয়োজনীয় চিকিৎসা না পাওয়া	*যে সমস্ত প্রাপ্তবয়স্করা প্রয়োজনীয় চিকিৎসা পান না তাদের শতকরা হার*	10%	9% (9% কমছে)	হিস্প্যানিক	14%	10% (25% কমছে)
নিয়ন্ত্রিত উচ্চ রক্তচাপ	*যে সমস্ত প্রাপ্তবয়স্কদের রক্তচাপ নিয়ন্ত্রণে রয়েছে তাদের শতকরা হার*	67%	76% (13% বড়েছে)	ব্ল্যাক	62%	74% (19% বড়েছে)
নতুন এইচআইভি ধরা পড়েছে	*নতুন এইচআইভি ধরা পড়েছে এমন লোকজনের সংখ্যা*	2,832	600 (79% কমছে)	ব্ল্যাক ও হিস্প্যানিক লোকজন যারা পুরুষদের সঙ্গে যৌনসঙ্গম করেন	1,148	183 (84% কমছে)
এইচআইভি ভাইরাস দমন	*এইচআইভিতে আক্রান্ত হয়েছেন এমন নিউইয়র্কবাসীদের যারা এইচআইভি কেয়ার এ যান এবং ভাইরাসের চিকিৎসা নিচ্ছেন এমন লোকেদের শতকরা হার**	79%	95% (20% বড়েছে)	ব্ল্যাক	75%	95% (27% বড়েছে)

**ভাইরাস দমন বলতে বোঝায় যে ব্যক্তির রক্তে খুব কম এইচআইভি আছে।*

কৃতজ্ঞতা স্বীকার

TAKE CARE NEW YORK 2020 NYC স্বাস্থ্য বিভাগ (DOHMH), শিক্ষা দপ্তর, পরিবেশ সুরক্ষা বিভাগ এবং ফৌজদারি বিচারের মেয়রের কার্যালয়ের অনেক কর্মীর সহায়তায় বিকাশ করা সম্ভব হয়েছে। আমরা নিম্নলিখিত ব্যক্তিদের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি যাদের এই রিপোর্টের জন্য অবদান অবিস্মরণীয়:

Tamar Adjoian, Tracy Agerton, Sonia Angell, George Askew, Zinzi Bailey, Sharon Balter, Carolyn Bancroft, Gary Belkin, Angelica Bocour, Katherine Bornschlegel, Sarah Braunstein, Anna Caffarelli, Eve Cagan, Shadi Chamany, Vincent Chin, Nancy Clark, Frank Cresciullo, Karen Crowe, Rachel Dannefer, Demetre Daskalakis, Georgia Davidson, Cynthia Driver, Jeffrey Escoffier, Carmen Fariña, Shannon Farley, Christina Fiorentini, Rebecca Fisher, Alison Frazzini, Julie Friesen, Elizabeth Glazer, Ingrid Gonzalez, Victoria Gresia, Victoria Grimshaw, Yiwei Gu, Charon Gwynn, Myla Harrison, Fangtao He, Caroline Heindrichs, Kinjia Hinterland, Nicole Hosseinipour, Jeffrey Hunter, Mary Huynh, Stephen Immerwahr, Laura Jacobson, Vidushi Jain, John Jasek, Jillian Jessup, Debbie Kaplan, Dan Kass, Iyad Kheirbek, Liza King, Molly Kratz, Hillary Kunins, Fabienne Laraque, Andrea Lasker, Marci Layton, Amber Levanon Seligson, Wenhui Li, Sungwoo Lim, Max Litt, Jian Liu, Emily Lloyd, Nneka Lundy De La Cruz, Gil Maduro, Beth Maldin, Thomas Matte, Karen Aletha Maybank, Katherine McVeigh, Chris Miller, Sam Miller, Ericka Moore, Candace Mulready-Ward, Lauren Murray, Christa Myers, Deborah Nagin, Gilbert Nick, Michelle Nolan, Cathy Nonas, Christina Norman, Jennifer Norton, Carolyn Olson, Emiko Otsubo, Michelle Paladino, Denise Paone, Vassiliki Papadouka, Debbie Prior, Marisa Raphael, Laura Rivera, Rebekkah Robbins, John Rojas, Leah Rosales, Assunta Rozza, Eric Rude, Michael Sanderson, Andrew Schroeder, Hannah Searing, Amy Shah, Sarah Shih, Sarah Sisco, Sarah Solon, Meghna Srinath, Susan Stambler, Catherine Stayton, Monica Sull, Elizabeth Thomas, Ellenie Tuazon, Gretchen Van Wye, Jay Varma, Sarah Walters, Kennedy Willis, Ricky Wong, Joy Xu, Asia Young, Anna Zhilkova, Jane Zucker.

তথ্য সূত্র

New York City Community Health Survey (নিউ ইয়র্ক সিটি কমিউনিটি হেলথ সার্ভে, CHS): CHS হল একটি বার্ষিক টেলিফোন সমীক্ষা। যেটি DOHMH'র এপিডেমোলোজি, ব্যুরো অফ এপিডেমিওলজি সার্ভিস দ্বারা 18 বা তার বেশী বয়সী অ-প্রাতিষ্ঠানিক প্রাপ্তবয়স্ক নিউইয়র্কবাসীদের মধ্যে থেকে করা হয়েছে। CHS হল একটি ক্রস-সেকশনাল সমীক্ষা। যেখানে নিউইয়র্ক শহর-ম্যানহাটন, ব্রুকলিন, কুইন্স, ব্রঙ্কস এবং স্ট্যাটেন আইল্যান্ড এই পাঁচটি বোরো থেকে প্রায় 8,500 জন 18 এবং তার বেশী বয়সী প্রাপ্তবয়স্কদের নমুনা হিসাবে নেওয়া হয়েছে। CHS নিউইয়র্কবাসীদের স্বাস্থ্যের উপর স্ব-রিপোর্ট তথ্য প্রদান করে এবং এর মধ্যে রয়েছে ক্রনিক রোগ এবং আচরণগত ঝুঁকির সম্পর্কে বিভিন্ন প্রশ্ন। শহর, বোরো এবং এলাকা স্তরে উপলব্ধতার মধ্যে হিসাব করা হয়েছে। এলোমেলোভাবে ডিজিট ডায়াল পদ্ধতিতে পরিবারদের নির্বাচন করা হয় এবং প্রতিটি পরিবার থেকে অংশগ্রহণের জন্য এলোমেলোভাবে একজন ব্যক্তিকে নির্বাচন করা হবে। সমীক্ষার ডেটা সংগ্রহ করার জন্য কম্পিউটার সহায়ক টেলিফোন ইন্টারভিউ (CATI) ব্যবস্থার ব্যবহার করা হয় ইংরেজি, স্প্যানিশ, রাশিয়ান এবং চাইনিজ (ম্যান্ডারিন এবংক্যান্টোনীজ) ভাষায় ইন্টারভিউয়ের ব্যবস্থা করা হয়।

CHS 2002 থেকে 2009 এর শুরুর দিক পর্যন্ত ল্যান্ডফোন আছে এমন প্রাপ্তবয়স্কদের অন্তর্ভুক্ত করেছে এবং সেলফোন আছে এমন প্রাপ্তবয়স্কদের অন্তর্ভুক্ত করেছে। CHS 2002-2008 ডেটা 2000 সালের আদমসুমারি অনুসারে NYC এর প্রাপ্তবয়স্ক জনসংখ্যা ভিত্তিক। 2011 সালে শুরু হয়, CHS 2010 সালে করা আদমসুমারির ডেটা এবং অতিরিক্ত জন্সংখ্যার বৈশিষ্ট্য অনুসারে ডেটা আপডেট করা হয়েছে। CHS 2013 এবং 2014 ডেটা আমেরিকান কমিউনিটি সমীক্ষা, 2012 এবং 2013 অনুসারে আবাসিক প্রাপ্তবয়স্ক জনসংখ্যা ভিত্তিক।

গুরুত্বপূর্ণ পরিসংখ্যান: নিউইয়র্ক সিটি অব ভাইটাল স্ট্যাটিস্টিক [New York City Bureau of Vital Statistics (BVS)] হল গুরুত্বপূর্ণ বিষয়সমূহের দায়িত্বপূর্ণ — জন্ম, মৃত্যু এবং গর্ভাবস্থার স্বতঃস্ফূর্ত এবং সৃষ্ট বিলষ্টকরণ। BVS নিউইয়র্ক শহরের সমস্ত গুরুত্বপূর্ণ ঘটনারনথিভুক্তিকরণ, সংশোধন, প্রক্রিয়াকরণ এবং বিশ্লেষণ করে। এইসব রেকর্ড থেকে ডেটা সঙ্কয়, বিশ্লেষণ করা হয়েছে এবং জন স্বাস্থ্য ও সরকারী উদ্দেশ্যে রিপোর্ট করা হয়েছে।

ইয়ুথ রিস্ক বিহেভিয়ার সার্ভে (YRBS): নিউইয়র্ক শহরের YRBS, সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (CDC) এবং ন্যাশানাল ইয়ুথ রিস্ক বিহেভিয়ার সার্ভিলেন্স সিস্টেমের অংশ হিসাবে দুই বছর অন্তর আয়োজিত হয়, এটি হল NYC পাবলিক হাই স্কুলে নবম থেকে দ্বাদশ গ্রেডের শিক্ষার্থীদের মধ্যে করা ক্রস-সেকশনাল সমীক্ষা।

YRBS হল DOHMH এবং নিউইয়র্কের শিক্ষাদপ্তরের যৌথ উদ্যোগের প্রচেষ্টা, এবং 1997 সাল থেকে বিজোড় সংখ্যার বছরগুলোতে আয়োজিত হয়। YRBS এর লক্ষ্য হল স্বাস্থ্যের আচরণগত ঝুঁকির তথ্য নিরীক্ষণ করে এবং তার উপর অগ্রাধিকার দিয়ে নির্ভুল তথ্য প্রদান করে যা থেকে NYC-এর যুবসমাজ সম্পর্কিত মৃত্যুহার, অসুস্থতা ও সামাজিক সমস্যার প্রধান কারণ জানা যায়। অংশগ্রহণ করার জন্য পাবলিক স্কুলগুলোকে এলোমেলোভাবে নির্বাচন করা হয় এবং স্কুলের মধ্যে ক্লাসগুলোকেও এলোমেলোভাবে চয়ন করা হয়। শিক্ষার্থীদেরকে একটি স্ব-পরিচালিত, অজ্ঞাতনামা প্রশ্নাবলী সম্পূর্ণ করতে হয়। যা থেকে বিভিন্ন ধরনের আচরণ সম্পর্কিত তথ্য পাওয়া যায়, সেগুলো হল তামাক সেবন, মদ্যপান এবং মাদক সেবন, অনিচ্ছাকৃত আঘাত এবংসহিংস্রতা, মানসিক স্বাস্থ্য, যৌন আচরণ, অনিচ্ছাকৃতভাবে গর্ভবতী হওয়া , খাদ্যাভ্যাস শারীরিক কসরত। 2005 থেকে, NYC YRBS যে শুধু সার্বিক শহর সম্পর্কে অনুমান জানিয়েছে তা নয়, প্রতি পাঁচটি বোরো এবং তিনটি টার্গেটেড এলাকার প্রকোপ সম্পর্কে জানিয়েছে — দক্ষিণ ব্রঙ্কস,ম্যানহাটানের মধ্যে উত্তর ও মধ্য ব্রুকলিন এবং পূর্ব ও মধ্য হারলেম — যেখানে DOHMH-এর তার ডিস্ট্রিক্ট হেলথ অফিস (DPHOs) আছে।

নিউইয়র্ক স্বাস্থ্য বিভাগ, স্টেটব্যাপী পরিকল্পনা এবং গবেষণা ও সমবায় ব্যবস্থা [New York State Department of Health Statewide Planning and Research Cooperative System (SPARCS)]: SPARCS হল স্বাস্থ্য সেবা শিল্প এবং সরকারে সহযোগীতায় 1979 সালে স্থাপিত একটি বিস্তৃত ডেটা রিপোর্টিং সিস্টেম। প্রাথমিকভাবে হাসপাতাল থেকে ডিসচার্জ করার বিষয় সম্পর্কে তথ্য সংগ্রহ করা হত, বর্তমানে SPARCS নিউইয়র্কে রোগীর বৈশিষ্ট্যের উপর রোগীর স্তরের বিশদ বিবরণ, রোগ নির্ণয়, চিকিৎসা পরিষেবা এবং হাসপাতালে ভর্তি থাকার জন্য চার্জ, অ্যাম্বুলেটরি সার্জারি এবং জরুরী বিভাগে যাওয়ার বিষয়ে তথ্য সংগ্রহ করে।

নিউইয়র্ক সিটি হাউজিং অ্যান্ড ভ্যাকেনসি সার্ভে (NYC HVS): NYC HVS হল নিউইয়র্ক শহরের আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ দ্বারা স্পনসর করা এবং নিউইয়র্ক স্টেট এবং নিউইয়র্ক শহরের ভাড়া সংক্রান্ত আইন অনুসারে তিন বছর অন্তর সমীক্ষা করে। সেন্সাস ব্যুরো 1965 সাল থেকে সমীক্ষার আয়োজন করছে। সমীক্ষা থেকে প্রাপ্ত ডেটা থেকে শহরের আবাসন বাজার সম্পর্কে অনেক তথ্য পাওয়া যায়, এছাড়াও শহরের জনসংখ্যা, পরিবার, হাউজিং স্টক এবং এলাকা সম্পর্কে তথ্য পাওয়া যায়। ভাড়ার আবাসন কি পরিমাণ খালি আছে তা হল এই সমীক্ষার প্রধান লক্ষ্য। আবাসন সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ সমীক্ষা ডেটাতে রয়েছে ভাড়ার নিয়ম এবং বাড়ির মালিকানার স্থিতি, পরিকাঠামোর অবস্থা, ইউনিটের রক্ষণাবেক্ষণ এবং এলাকার অবস্থা; জনবহুল, ভাড়া, ইউটিলিটির খরচ, গরম করার জন্য প্রয়োজনীয় জ্বালানির ধরন, ভাড়া/আয় অনুপাত; মালিকের ক্রয় মূল্য এবং আনুমানিক মূল্য, বন্ধকীর স্থিতি এবং সুদের হার; বিল্ডিংয়ে স্টোর এবং ইউনিটের সংখ্যা, সহযোগীতামূলক/সার্বভৌমের স্থিতি, হুইলচেয়ারের প্রবেশযোগ্যতা এবং নিউইয়র্ক শহরের আবাসন ও পরিবার সম্পর্কিত আরো অনেক তথ্য।

নিউইয়র্ক সিটি এইচআইভি / এইডস সার্ভিলেন্স রেজিস্ট্রি: নিউইয়র্ক সিটি এইচআইভি/এইডস সার্ভিলেন্স রেজিস্ট্রি হল সমস্ত এইচআইভি/এইডস নির্ণিত হওয়া রোগী, এইচআইভি সম্পর্কিত সমস্ত অসুস্থতা এবং নিউইয়র্ক শহরে এইচআইভি/এইডস (PLWHA) এ আক্রান্ত ব্যক্তিদের জন্য আয়োজিত সমস্ত CD4, ভাইরাল লোড এবং জেনোটাইপ পরীক্ষার তথ্য ভান্ডার। নিউইয়র্ক স্টেটের পাবলিক হেলথ আইন অনুসারে এই তথ্য জানানো প্রয়োজন। রেজিস্ট্রীটি জনসংখ্যা-বিষয়ক, ক্লিনিক্যাল এবং নতুন কেসের ক্ষেত্রে ল্যাবরেটরির ডেটা এবং PLWH; PLWH-এর মধ্যে মৃত্যুর তথ্য NYC ডেথ সার্টিফিকেট ডেটা এবং জাতীয় গুরুত্বপূর্ণ পরিসংখ্যানের ডেটাবেস থেকে নিয়মিত যোগ করা হয়।

প্রাথমিক পরিচর্যা সংক্রান্ত তথ্যের প্রোজেক্ট হাব: হাব হল একটি কাঠামোগত ডেটা অনুসন্ধান সিস্টেম যা 700 এর বেশী NYC চর্চার ইলেক্ট্রনিক স্বাস্থ্য রেকর্ড (EHRs) থেকে তথ্য সংগ্রহ করে যেগুলো DOHMH'র প্রাথমিক পরিচর্যা সংক্রান্ত তথ্যের প্রোজেক্ট হাবে অংশগ্রহণ করে। জনস্বাস্থ্য প্রশ্নের জবাবে DOHMH দ্বারা প্রেরিত উত্তরের ভিত্তিতে EHR দ্বারা সমষ্টিগত রোগীর সংখ্যা স্বয়ংক্রিয়ভাবে পাঠানো হয়। 2014 তে হাব চর্চায় দুই মিলিয়ন রোগী গেছিলেন।

নিউইয়র্ক শহরের কমিউনিটি বায়ুর সমীক্ষা: নিউইয়র্ক শহরের কমিউনিটি বায়ুর সমীক্ষার মারফৎ সমগ্র NYC জুড়ে সংগৃহীত বায়ুমণ্ডলের ঘনত্ব PM2.5 ($\mu g/m^3$ এ পরিমাপ করা)। ভালো উপাদান (PM2.5) হল ক্ষুদ্র বায়ুবাহিত ও কঠিন এবং তরল কণা ব্যাসের 2.5 মাইক্রনেরও কম। এছাড়াও এগুলোকে সুট বলা হয়। PM2.5 হল সবচেয়ে ক্ষতিকর শহুরে বায়ু দূষণকারী, অল্পই ফুসফুসে সমস্যা সৃষ্টি করার জন্য যথেষ্ট এবং রক্তপ্রবাহে মিশে যায়, ফুসফুস ও হার্ট রোগের অবনতি ঘটায় এবং এর ফলে হাসপাতালে ভর্তি হতে হয় এবং অকাল মৃত্যু হয়। এছাড়াও PM2.5 হল মানবদেহের ক্ষেত্রে ক্যান্সারবাহী পদার্থ।

CCATS (শিশু পরিচর্যা আবেদনের ট্র্যাকিং সিস্টেম): হল একটি ডেটাবেস যেটি শিশু পরিচর্যা কেন্দ্র, বিশেষ করে নিউইয়র্কে অনুমোদিত কেন্দ্রসমূহের সমস্ত কার্যকলাপ ট্র্যাক করার জন্য DOHMH-এর কর্মী দ্বারা তৈরি ও রক্ষণাবেক্ষণ করা হয়। যখন সমস্ত মাপদণ্ড মিলে যায় ও প্রয়োজনীয় নথি প্রদান করা হয়েছে তখন CCATS স্বয়ংক্রিয়ভাবে পারমিট জেনারেট ও তার পুনর্নবীকরণ করে। জনসাংখ্যিক ডেটা নিষ্কাশন করা যেতে পারে এবং রিপোর্ট তৈরি করা যেতে পারে। CCATS-এর অ্যাক্সেস NYC ACS এবং DOE কর্মীদের কাছে উপলব্ধ।

CCFS (শিশু পরিচর্যা কেন্দ্র): হল একটি ডেটাবেস, নিউইয়র্কের শিশু ও পরিবার পরিষেবার NYS অফিস তৈরি করেছে ও রক্ষণাবেক্ষণ করে। নিউইয়র্ক শহরের সমস্ত লাইসেন্সপ্রাপ্ত/রেজিস্টার্ড কেন্দ্রের কার্যকলাপ এই সিস্টেমে ট্র্যাক করা হয়। NYC ACS-এর কাছে অ্যাক্সেস উপলব্ধ। আদর্শ রিপোর্ট উপলব্ধ এবং হক রিপোর্টিং সম্ভব।

হার্ট ফলো-আপ স্টাডি (HFUS): 2010 সালে, DOHMH HFUS, NYC-এর প্রাপ্তবয়স্কদের নমুনার মধ্যে একটি 24- ঘন্টার মেয়াদে মূত্র সংগ্রহের অধ্যয়ন। HFUS এর মধ্যে বিভিন্ন ধরনের রোগের ঝুঁকির কারণ এবং অবস্থা যেমন ডায়াবেটিস সম্পর্কে সিটেড রক্তচাপ, উচ্চতা, ওজন এবং কোমরের পরিধির সাথে সাথে জনসংখ্যাভিত্তিক ডেটা ও তথ্যের পরিমাপ অন্তর্ভুক্ত। এই উদ্ভাবনী অধ্যয়ন হল 24-ঘন্টার মেয়াদে মূত্র সংগ্রহ করতে প্রথম মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক উপস্থাপন অধ্যয়ন এবং এলোমেলো সংখ্যার নমুনাকরণের ফ্রেম থেকে অংশগ্রহণকারী নিয়োগের মাধ্যমে একটি অনন্য পদ্ধতি ব্যবহার করা হয়েছে। 2010 HFUS এ তৈরি করা,

ডেটা সূত্র (অবিরত)

DOHMH নিউইয়র্ক শহরে বাস্তবায়িত জনসংখ্যা এবং কমিউনিটি ভিত্তিক পুষ্টি কৌশল মূল্যায়ন করতে ভবিষ্যতে HFUS দ্বিতীয় বার (HFUS 2) করা হবে এবং এইসব ফলাফল কোনো খাদ্যাভ্যাস এবং ফলোআপ ডেটা সহ রক্তের নমুনার সঙ্গে সম্পর্কযুক্ত করবে।

প্রযুক্তিগত টীকা

সার্বিক সংজ্ঞা ও সমন্বয়

এলাকার দারিদ্র্য *সংজ্ঞা:* অথবা এই রিপোর্টে নোট করা হয়েছে, এলাকা ZIP কোডের মাধ্যমে চেনা যায়। এলাকার দারিদ্র, ZIP কোড ভিত্তিক, আমেরিকান কমিউনিটি সমীক্ষা (ACS) অনুসারে ফেডেরাল দারিদ্র সীমার 100% এর নীচে থাকা আবাসিকদের শতকরা হার। 2014 CHS ডেটার জন্য, 2009-2013 থেকে ACS ডেটা ব্যবহার করা হয়েছে। 2013 CHS ডেটার জন্য, 2008-2012 থেকে ACS ডেটা ব্যবহার করা হয়েছে। খুব দরিদ্র এলাকা মানে হল যেখানে 30% বা তার বেশী আবাসিক দরিদ্র সীমার নিচে বসবাস করেন। শূন্য সহ ZIP কোড এমন এলাকার মানুষের দারিদ্র স্থিতি নির্ণয় করা হয়েছে এবং বিশ্লেষণ থেকে বাদ দেওয়া হয়েছে।

সমন্বয়: বয়সের সমন্বয়ে বিশ্লেষণগুলো 2000 সালের মার্কিন যুক্তরাষ্ট্রের জনসংখ্যা অনুসারে করা হয়।

বিভাজক: অন্য কোনোভাবে নোট না করা হলে DOHMH দ্বারা 2014 সালে আপডেট করা 2013 সালের নির্ধারিত জনসংখ্যার থেকে জনসংখ্যা বিভাজক ব্যবহার করে তার হার গণনা করা হয়।

লক্ষ্য: লক্ষ্যের শতকরা হার আবার চক্রাকারে ফিরে আসার আগে টার্গেট মানের উপর ভিত্তি করে কমে বা বাড়ে।

সূচকের সংজ্ঞা ও সূত্র

অকাল মৃত্যু *সংজ্ঞা:* প্রতি 100,000 জনসংখ্যায় 65 বছরের কম বয়সীদের মৃত্যুর বয়স-সমন্বিত হার। ***সূত্র:*** NYC DOHMH, Office of Vital Statistics (অত্যাবশ্যক পরিসংখ্যান অফিস), 2013।

শিশু অকাল মৃত্যু *সংজ্ঞা:* প্রতি 1,000 জন শিশুর জন্মানোর পর 1 বছরের কম বয়সে শিশু মৃত্যুর হার ***সূত্র:*** NYC DOHMH, Office of Vital Statistics (অত্যাবশ্যক পরিসংখ্যান অফিস), 2013।

নিজ স্বাস্থ্যের যত্ন নেওয়া *সংজ্ঞা:* কোনো পাঁচ স্তরের পরিমাপে নিজেদের স্বাস্থ্য সম্পর্কে "অসাধারণ," "খুব ভালো" বা "ভালো" বলে জানিয়েছেন এমন বয়স-সমন্বিত প্রাপ্তবয়স্কদের শতকরা হার (অসাধারণ, খুব ভালো, ভালো, মোটামুটি বা খারাপ)। ***সূত্র:*** NYC DOHMH Community Health Survey (কমিউনিটি হেলথ সার্ভে), 2013।

স্বাস্থ্যকর শৈশব সম্পর্কে প্রচার

"শিশু-বান্ধব" কেন্দ্রের জন্ম নেওয়া শিশু *সংজ্ঞা:* নবজাতকের ফিডিং এবং শিশু/মা এর বন্ধনের জন্য সর্বোচ্চ মানের পরিচর্যা প্রদান করতে মনোনীত শিশু-বান্ধব প্রসূতি কেন্দ্রে শিশু জন্ম হওয়ার শতকরা হার। ***সূত্র:*** NYC DOHMH, Office of Vital Statistics (অত্যাবশ্যক পরিসংখ্যান অফিস), 2014।

শিশু পরিচর্যা *সংজ্ঞা:* সিটি-নিয়ন্ত্রিত, স্কুলের বয়সী শিশু পরিচর্যা বাদে কেন্দ্র-ভিত্তিক (গ্রুপ চাইল্ড কেয়ার) শিশু পরিচর্যা ব্যবস্থা, পাবলিক স্কুলে সর্বজনীন প্রি-কে (UPK) কেন্দ্রে মোট শিশু থাকার ব্যবস্থার শতকরা হার। ***সূত্র:*** Child Care Application Tracking System/Child Care Facility System, August 5, 2015।

কৈশোরে গর্ভবতী *সংজ্ঞা:* প্রতি 1000 জনে NYC-এর 15 থেকে 19 বছর বয়সী মহিলাদের গর্ভবতীর হার (গর্ভপাত সহ)। 2013 সালের জুলাইয়ের ইন্টারপোলেটেড ইন্টারসেন্সালের আনুমানিক জনসংখ্যার ব্যবহার করে হার গণনা করা হয়েছে এবং আদমসুমারি বা আগের আনুমানিক জনসংখ্যা ভিত্তিক হারের থেকে ভিন্ন হবে। ***সূত্র:*** NYC DOHMH, Office of Vital Statistics (অত্যাবশ্যক পরিসংখ্যান অফিস), 2013।

হাই স্কুল থেকে স্নাতক *সংজ্ঞা:* চার বছরের রিজেন্টস বা স্থানীয় ডিপ্লোমা সহ চার বছরের মধ্যে কত স্নাতক হবে এমন ৯ম গ্রেডের শিক্ষার্থীর শতকরা হার। ***সূত্র:*** NYC Department of Education (শিক্ষা বিভাগ), 2014।

সুস্থ এলাকা তৈরি করা

হেলথার কারণে হাসপাতালে ভর্তি *সংজ্ঞা:* NYC হাসপাতাল থেকে 15 থেকে 24 বছরের যুবকদের মধ্যে মারাত্মক নয় এমন অসুস্থতার জন্য হাসপাতালে ভর্তির শতকরা হার (ICD-9-CM নিয়ম অনুসারে)। ***সূত্র:*** Statewide Planning and Research Cooperative System (দেশব্যাপী পরিকল্পনা ও গবেষণা সমবায় সিস্টেম, SPARCS), 2013।

পড়ে যাওয়ার কারণে হাসপাতালে ভর্তি *সংজ্ঞা:* 65 বছর বয়সী বা তার থেকে বেশী বয়সী প্রাপ্তবয়স্কদের পড়ে যাওয়ার কারণে হাসপাতালে ভর্তির (ICD-9-CM কোড ভিত্তিক) ডিসচার্জ হার (প্রতি 100,000 জনে) ***সূত্র:*** SPARCS, 2013।

বায়ুর গুণমান *সংজ্ঞা:* প্রতিবছর সবচেয়ে দূষিত বায়ু ও কম দূষিত এলাকায় $\mu g/m^3$ এতে পরিমাপ করা 2.5 মাইক্রোমিটার আকারের (PM2.5) উপাদানের পরিসর। ***সূত্র:*** DOHMH NYC Community Air Survey (কমিউনিটি এয়ার সার্ভে), 2013।

রক্ষণাবেক্ষণ করা হয় না এমন বাড়ি *সংজ্ঞা:* রক্ষণাবেক্ষণ করা হয়নি বলে রিপোর্ট করা হয়েছে এমন ভাড়া বাড়ির শতকরা হার (ভাঙ্গা বা ছিদ্র রয়েছে, জল পড়ে, শিতে অতিরিক্ত তাপের প্রয়োজন, তাপের ফলে ভগ্ন, ইঁদুরের উপদ্রব, ভগ্ন বাথরুম, পলেস্তারা খসে পড়া) আমেরিকান কমিউনিটি সমীক্ষা, PUMA, 2009-2013 ভিত্তিক এলাকার দারিদ্র। ***সূত্র:*** NYC Housing & Vacancy Survey (গৃহায়ন ও খালি সার্ভে), 2014।

হাঁপানির জরুরি বিভাগে শিশুদের জন্য সাক্ষাৎ *সংজ্ঞা:* 5 থেকে 17 বছরের শিশুদের জন্য NYC-এর হাঁপানির জরুরি বিভাগে শিশু সাক্ষাতের হার (প্রতি 10000 জনে)। ***সূত্র:*** SPARCS, 2013।

জেলে যাওয়া *সংজ্ঞা:* গড়ে প্রতিদিন কত লোক শহরের জেলে যায়। ***সূত্র:*** NYC Department of Corrections, Fiscal Year (সংশোধণী বিভাগের অর্থবছরের) 2015।

সামাজিক সুসঙ্গতি *সংজ্ঞা:* প্রতিবেশীদের মধ্যে মূল্যবোধ ও আস্থা। ***আসন্ন মেট্রিক্স।***

স্বাস্থ্যকর থাকতে সহায়তা

মেদবহুলতা *সংজ্ঞা:* বডি মাস ইন্ডেক্স (BMI) ≥ 30 আছে এমন প্রাপ্তবয়স্কদের বয়স-সমন্বিত শতকরা হার। ***সূত্র:*** NYC DOHMH Community Health Survey, 2014।

সুগারি ড্রিঙ্কস *সংজ্ঞা:* কতজন প্রাপ্তবয়স্ক জানিয়েছে যে তারা গড়ে প্রতিদিন এক বা একাধিক সুগারি ড্রিঙ্কস খান তার বয়স-সমন্বিত শতকরা হার। ***সূত্র:*** NYC DOHMH Community Health Survey, 2014।

ব্যায়াম *সংজ্ঞা:* NYC পাবলিক হাই স্কুলের শিক্ষার্থীরা (গ্রেড 9-12) যারা অন্তত গত 7 দিনে 60 মিনিট শারীরিক কার্যকলাপে যুক্ত ছিল তাদের শতকরা হার। ***সূত্র:*** Youth Risk Behavior Survey, 2013।

সোডিয়াম গ্রহণ *সংজ্ঞা:* NYC আবাসিকদের প্রাপ্তবয়স্কদের শরীরে কি পরিমাণ সোডিয়াম(মিগ্রা) আছে। ***সূত্র:*** Heart Follow-Up Study, 2010।

ধূমপান *সংজ্ঞা:* বয়স-সমন্বিত প্রাপ্তবয়স্ক যারা অন্তত 100টি সিগারেগ খাওয়ার ব্যাপারে জানিয়েছেন এবং এখন প্রতিদিন বা কোনো কোনো দিন ধূমপান করেন তাদের শতকরা হার। ***সূত্র:*** NYC DOHMH Community Health Survey 2014।

মাত্রাতিরিক্ত মদ্যপান *সংজ্ঞা:* মাত্রাতিরিক্ত মদ্যপান করেন এমন বয়স-সমন্বিত প্রাপ্তবয়স্কদের শতকরা হার (গত 30 দিনে কোনো সময়ে পুরুষদের জন্য পাঁচ বা তার বেশী ড্রিঙ্কস এবং মহিলাদের জন্য চার বা তার বেশী ড্রিঙ্কস)। ***সূত্র:*** NYC DOHMH Community Health Survey, 2013।

ওভারডোজের কারণে মৃত্যু *সংজ্ঞা:* 15-84 বয়সের NYC বাসিন্দাদের মধ্যে অনিচ্ছাকৃত এবং দুর্ঘটনাজনিত ভাবে যে কোনো মাদক বেশী নেওয়ার ফলে মৃত্যুর হার (প্রতি 100,000 জনে)। এলাকার দারিদ্যতার ডেটা আমেরিকান কমিউনিটি সমীক্ষা 2007-2011 অনুসারে। ***সূত্র:*** NYC DOHMH, Office of Vital Statistics, 2013।

মানসম্মত পরিচর্যা বাড়ানো

প্রয়োজনীয় মানসিক চিকিৎসা না পাওয়া*সংজ্ঞা:* মারাত্মক মানসিক সমস্যা (গত 30 দিনের অনির্দিষ্ট মানসিক স্বাস্থ্য সমস্যার সূচক) আছে এমন বয়স-সমন্বিত প্রাপ্তবয়স্করা যাদের গত 12 মাসে মানসিক চিকিৎসার প্রয়োজন থাকলেও পাননি, তাদের শতকরা হার। খুব দরিদ্র এলাকা মানে হল যেখানে 20% বা তার বেশী আবাসিক দারিদ্র সীমার নিচে বসবাস করেন। ***সূত্র:*** NYC DOHMH Community Health Survey, 2013।

প্রয়োজনীয় চিকিৎসা না পাওয়া*সংজ্ঞা:* গত 12 মাসে প্রয়োজনীয় চিকিৎসা পাননি বলে জানিয়েছেন এমন বয়স-সমন্বিত প্রাপ্তবয়স্কের শতকরা হার। *সূত্র:* NYC DOHMH Community Health Survey, 2014।

নিয়ন্ত্রিত উচ্চ রক্তচাপ *সংজ্ঞা:* প্রাইমারি কেয়ার ইনফরমেশন প্রোজেক্ট (PCIP) এ প্রাথমিক পরিচর্যা তথ্য প্রকল্পে অংশগ্রহণকারী রোগীরা, যাদের উচ্চ রক্তচাপ বা হাইপারটেনশন আছে এবং সাম্প্রতিক রক্তচাপ 140/90 mm Hg. তাদের গড় শতকরা হার। ***সূত্র:*** PCIP Hub Data, 2013।

নতুন এইচআইভি ধরা পড়েছে *সংজ্ঞা:* নিউইয়র্কবাসীর মধ্যে কত জনের নতুন এইচআইভি ধরা পড়েছে (নন-এইডস) এবং এইচআইভি সমবর্তী এইডস (এইডস ধরা পড়েছে এইচআইভির 31 দিনের মধ্যে) ধরা পড়েছে। *সূত্র:* NYC HIV Surveillance Registry, 2013.

এইচআইভি ভাইরাস দমন *সংজ্ঞা:* এইচআইভি ধরা পড়েছে এমন 13 এবং তার বেশী বয়সী নিউইয়র্কবাসী, যাদের জন্য বছরে অন্তত একবার NYC প্রদান দ্বারা CD4 বা ভাইরাল লোড (VL) পরিমাপ আছে এবং যাদের শেষ এইচআইভি VL পরিমাপে ভাইরাস দমন দেখা গেছে তাদের শতকরা হার। NYC-তে এইচআইভি নজরদারি করার উদ্দেশ্যে ভাইরাসঘটিত কিছু দমন ≤ 200 কপি/এমএল হিসেবে সংজ্ঞায়িত করা হয়। ***সূত্র:*** NYC HIV Surveillance Registry, 2013.

প্রস্তাবিত উদ্ধৃতি

Mettey A, Garcia A, Isaac L, Linos N, Barbot O, Bassett MT. **Take Care New York 2020: প্রতিটি এলাকা, প্রতিটি নিউইয়র্কবাসী, সকলের স্বাস্থ্যের স্থিতি দেখা হয়** নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হাইজিন। অক্টোবর 2015।

TAKECARE
NEW YORK

এই প্রচেষ্টায় আমাদের সহযোগী হিসেবে **TCNY/2020** এর সফলতার ক্ষেত্রে আপনার প্রতিক্রিয়া জরুরি। তাই অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন। আপনি **takecarenewyork@health.nyc.gov** মারফৎ আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। সমস্ত নিউইয়র্কবাসীর জীবন উন্নত করতে আমরা আপনার সঙ্গে একসঙ্গে কাজ করার অপেক্ষায় থাকলাম।

nyc.gov/health

©2015 TCNY 2020

#TCNY2020

NYC Health